প্রথম আলো

তারিখ ... 26 FEB 2015
পৃষ্ঠা - [illegible] কলাম [illegible]

# ছাত্রলীগকে খারাপ খবরের শিরোনাম না হওয়ার আহ্বান

জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ছাত্রলীগকে খারাপ খবরের শিরোনাম না হওয়ার আহ্বান জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি তাদের ভালো কাজ দিয়ে মন্দ দিকগুলো ঢাকারও আহ্বান জানান।

গতকাল বুধবার বেলা একটার দিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে এক আলোচনা সভায় এসব কথা বলেন মন্ত্রী। 'অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে এ-সভার আয়োজন করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ।

ওবায়দুল কাদের ছাত্রলীগের উদ্দেশে বলেন, 'দশটা উন্নয়ন কাজকে বিলীন করে দিতে পারে দুইটা খারাপ আচরণ। তাই ছাত্রলীগকে ভালো কাজের মাধ্যমে তার ঐতিহ্য ফিরিয়ে আনতে হবে। নিজেরা নিজেদের ঠেকানোর রাজনীতি থেকে বেরিয়ে আসতে হবে।'

বিশ্বজিৎ দাস হত্যাকাণ্ড প্রসঙ্গে মন্ত্রী বলেন, বিশ্বজিৎ হত্যাকাণ্ডে ছাত্রলীগের কর্মীদেরও মৃত্যুদণ্ডের রায় হয়েছে। তাই অপকর্ম করলে তাকে শাস্তি পেতেই হবে। আওয়ামী লীগ সরকার দেশে এ সুবিচার নিশ্চিত করেছে।

২০-দলীয় জোটের চলমান আন্দোলন প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, একটি বড় দল রাতের অন্ধকারে মানুষ পুড়িয়ে ক্ষমতায় আসতে চাইছে। কিন্তু চিরবিচ্ছিন্ন এই দলটি এভাবে কখনোই ক্ষমতায় আসতে পারবে না। শেখ হাসিনার সরকার কখনো সন্ত্রাসের কাছে মাথা নত করবে না। তিনি বলেন, ঢাকায় বসে দিল্লির অরবিন্দ কেজরিয়াল হতে চাইছে এক ব্যক্তি। কিন্তু তারা সমাবেশ ডেকে ৫০০ লোকও জোগাড় করতে পারে না। তাই এ স্বপ্ন দেখা তাদের মানায় না।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি শরিফুল ইসলামের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সিরাজুল ইসলামের সঞ্চালনায় উপাচার্য অধ্যাপক মীজানুর রহমান, সাংসদ নজরুল ইসলাম, ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় সভাপতি লিয়াকত সিকদার, ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি বদিউজ্জামান ও সাধারণ সম্পাদক নাজমুল আলম প্রমুখ বক্তব্য দেন।